

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | |
|-------------------|--|
| সভাপতি | : জি.এম.ফারুক হোসেন পাটওয়ারী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা। |
| সভার সময় ও তারিখ | : ১৪ মে, ২০২৩; বেলা ২.০০ ঘটিকা। |
| সভার স্থান | : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা এর সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট “ক” সংযুক্ত। |

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক ও সিএসডি'র ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের ওয়েবপোর্টালে সিটিজেন চার্টার আপলোডের বিষয়টি সভায় যাচাই-বাছাই করা হয়। সকল ওয়েবপোর্টালে আপলোড পাওয়া যায়। ব্যবস্থাপকের কার্যালয় (সিএসডি), উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয় (এলএসডি-১) এবং ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয় (এলএসডি) এর সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন ও নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ অবহিত করেন যে, সিটিজেন চার্টার অনুযায়ী অনুযায়ী নাগরিক, অভ্যন্তরীণ ও প্রতিষ্ঠানিক সেবা প্রদান নিশ্চিত করা হচ্ছে। জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ:

- ১। এলএসডি, সিএসডি ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার স্থাপনের বিষয়টি জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ নিশ্চিত করবেন;
- ২। সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিক, প্রতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান নিশ্চিত করতে হবে;
- ৩। কর্মকর্তা/কর্মচারী পরিবর্তন হলে সিটিজেন চার্টার হালনাগাদসহ ওয়েবপোর্টালের নির্ধারিত সেবাবক্সে আপলোড করতে হবে;
- ৪। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম বাস্তবায়নসহ প্রমাণক সংরক্ষণ করতে হবে।
সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বঃ:

জি.এম.ফারুক হোসেন পাটওয়ারী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা
তারিখঃ ১৪/০৫/২০২৩

স্মারক নং- ১৩.০১.০০০০.২০১.৩২.২২০.২২. ৬৬৬

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

- ১। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) -----, ঢাকা বিভাগ।
- ৩। ব্যবস্থাপক (সকল), সিএসডি।
- ৪। সহকারী উপ-পরিচালক, অত্র দপ্তর।
- ৫। সহকারী ব্যবস্থাপক, অত্র দপ্তর।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা